

২

02

কারিগরি ও বৃত্তিমূলক

শিক্ষার্থীদের জন্য
'উদ্যোক্তা' কর্মশালা
সমাপ্ত

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার্থীদের জন্য উদ্যোক্তা প্রশিক্ষণ শীর্ষক উপ-আঞ্চলিক কর্মশালা গতকাল ঢাকায় সমাপ্ত হয়েছে। শিক্ষা সচিব জনাব আন ম ইউসুফ সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এবং অংশগ্রহণকারীদের মধ্যে সনদপত্র বিতরণ করেন।

সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আর মল্লিক। অনুষ্ঠানে বক্তৃতাকালে শিক্ষা সচিব দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোতে আত্ম-কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির লক্ষ্যে কারিগরি ও বৃত্তিমূলক ছাত্র-ছাত্রীদের মধ্যে উদ্যোক্তার ধারণা ও দর্শনের উন্নয়নের ওপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, ছাত্র-ছাত্রীদের মধ্যে উদ্যোক্তার মনোবৃত্তি ও অভ্যাস সৃষ্টির মধ্যে এ ধরনের কর্মশালার স্বাধিকতা নিহিত এবং তা নির্ভর করে পরিবেশ ও দৃষ্টিভঙ্গির ওপর। তিনি নিজ নিজ প্রতিষ্ঠানে এ ধরনের কর্মশালা আয়োজনের মাধ্যমে উদ্যোক্তা ধারণা ও মনোভাব উন্নয়নের জন্য অংশগ্রহণকারীদের প্রতি আহবান জানান।

বাংলাদেশ সরকার এবং কলম্বো প্ল্যান স্টাফ কলেজের যৌথ উদ্যোগে আয়োজিত ১২ দিনব্যাপী এ কর্মশালায় ৭টি দেশের মোট ২১ জন কারিগরি প্রশিক্ষক অংশ নেয়। অন্যান্যের মধ্যে কারিগরি শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ রফিকুল হক ও কলম্বো প্ল্যান স্টাফ কলেজের কর্মসূচী সমন্বয়কারী মিঃ সি কে বাসু বক্তৃতা করেন।